গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd

বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/অনার্স ভর্তি ২০১৬-১৭/২০১৬/২০৮ তারিখ:১০.৯.২০১৬ খ্রি.

১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির বিজ্ঞপ্তি

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের ভর্তি সংক্রান্ত কার্যক্রম নিম্নোক্তভাবে সম্পন্ন করা হবে:

(১) (ক) ভর্তির আবেদনের সময়সূচি :

ভর্তিচ্ছুক প্রার্থী যে শাখা থেকে উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় পাস করেছে তারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions থেকে সেই শাখার জন্য নির্ধারিত প্রাথমিক আবেদন ফরম পূরণ করে ও অন-লাইনে সাবমিট আগামী ২৫/০৯/২০১৬ হতে ২০/১০/২০১৬ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করা যাবে। অত:পর তা A4 (৮.৫ ইঞ্চি x১১ ইঞ্চি) সাইজের অফসেট কাগজে রঙিন প্রিন্ট করে আবেদনপত্র জমাদানের জন্য নির্ধারিত ফি ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা জমাদানের পর আগামী ২৩/১০/২০১৬ তারিখের মধ্যে অবশ্যই বিকাল ০২ টার মধ্যে কলেজের জীববিজ্ঞান ভবন, নীচ তলা জমা দিতে হবে।

(খ) ভর্তির আবেদনের জন্য প্রাথমিক যোগ্যতা :

(i) ২০১৩/২০১৪ সালে মাধ্যমিক/সমমান পরীক্ষায় এবং ২০১৫/২০১৬ সালে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাই শুধুমাত্র ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

(ii) আবেদনকারী শিক্ষার্থীকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ২.০০ (৪র্থ বিষয়সহ) পেতে হবে।

(iii) ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির বিষয় নির্বাচনের ক্ষেত্রে/ভর্তির ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক/ সমমানের পরীক্ষায়/ অনুমোদিত পঠিত সমগোত্রীয় বিষয় ২০০ নম্বরের হতে হবে এবং জিপিএ ৩.০০ পেতে হবে।

(iv) আবেদনকারী শিক্ষার্থীদের উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যে শাখা থেকে উত্তীর্ণ হয়েছে তাকে সেই শাখার জন্য নির্ধারিত ভর্তির প্রাথমিক আবেদন পূরণ করতে হবে। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র মানবিক শাখার আবেদন ফরম পূরণ করতে পারবে।

(v) মাদ্রাসা বোর্ডের আলিম পাস শিক্ষার্থীরা উপরোক্ত i, ii, iii ও iv -এর শর্ত পূরণ সাপেক্ষে তারা ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

(vi) কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচ.এস.সি. ভোকেশনাল ও ডিপ্লোমা-ইন-কমার্সের শিক্ষার্থীরা উপরোক্ত i, ii, iii ও iv -এর শর্ত পূরণ সাপেক্ষে ব্যবসায় প্রশাসন শাখায় আবেদন করতে পারবে।

(vii) কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচ.এস.সি. ভোকেশনাল ও ডিপ্লোমা-ইন-কমার্সের শিক্ষার্থীরা উপরোক্ত i, ii, iii ও iv -এর শর্ত পূরণ সাপেক্ষে ব্যবসায় প্রশাসন শাখায় আবেদন করতে পারবে।

(viii) বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অধীনে এইচ.এস.সি ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষার্থীরা ব্যবসায় প্রশাসন শাখায় এবং ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং-এ উত্তীর্ণ শিক্ষার্থীরা (উপরোক্ত i, ii, iii ও iv শর্ত সাপেক্ষে) ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে বিজ্ঞান শাখায় ভর্তি জন্য আবেদন করতে পারবে।

(ix) ২০১৩/ ২০১৪ সালের 'O' লেভেল পরীক্ষায় ০৩ (তিন) টি বিষয়ে বি গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৫/ ২০১৬ সালের 'A' লেভেল পরীক্ষায় ০১(এক) টি বিষয়ে বি গ্রেডসহ অন্তত ০২(দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) কোর্সে ভর্তি জন্য আবেদন করতে পারবে তবে ভর্তি নির্দেশিকার অন্যান্য শর্ত পূরণ করতে হবে। এ সকল শিক্ষার্থীরা সরাসরি ডীন, স্নাতক পূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় এর সঙ্গে যোগাযোগ করবে।

(x) বিদেশি সার্টিফিকেট/ডিপ্লোমাধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোনো শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপন হলে তারাও ভর্তির প্রাথমিক আবেদন করতে পারবে। বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে ভর্তি নির্দেশিকার অন্যান্য শর্ত পূরণ করতে হবে। এ সকল প্রার্থীরা সরাসরি ডীন, স্নাতক পূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় এর সঙ্গে যোগাযোগ করবে।

(xi) একজন প্রার্থী তার পছন্দ অনুযায়ী শুধুমাত্র একটি কলেজ থেকেই ভর্তির জন্য আবেদন করতে পারবে। সংশ্লিষ্ট কলেজের অধিভূক্তি বিষয়সমূহের তালিকা ওয়েব সাইটে পাওয়া যাবে।

চলমান পাতা-০৩ এর ০২

বি.দ্র. পদার্থবিজ্ঞান ও রসায়ন বিষয়ে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পদার্থবিদ্যা/রসায়ন/গণিত/উচ্চতর গণিতে ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০০ থাকতে হবে।

(২) **আবেদনপত্র জমাদানের জন্য নির্ধারিত ফিস ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা ভর্তি প্রাথমিক আবেদন ফরমের ফটোকপির মাধ্যমে জীববিজ্ঞান ভবন, নীচ তলায় অবস্থিত টেলিক্যাশ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দিতে হবে।**

(৩) জমাদানকৃত ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার প্রমাণপত্রসহ ডাউন-লোডকৃত প্রাথমিক আবেদন ফরম জীব বিজ্ঞান ভবনের নীচ তলায় সকাল ১০:০০ টা হতে বিকাল ২:০০ টা পর্যন্ত জমা দিতে হবে।

(৪) <u>কম্পিউটার হতে ডাউন-লোডকৃত আবেদনপত্র উপরে বর্ণিত স্থানে জমাদানের সময় নিম্নোক্তভাবে সাজিয়ে জমা দিতে হবে ঃ</u>

(ক) কম্পিউটার হতে ডাউন-লোডকৃত প্রাথমিক আবেদনপত্রটি A4 পেপার (৮.৫"×১১" ইঞ্চি) সাইজ আকারের হতে হবে এবং এটি মূল অফসেট পেপার দ্বারা রঙ্গিন প্রিন্টেড হতে হবে। কোনো ফটোকপি গ্রহণযোগ্য হবে না। নির্ধারিত কাগজের মাপ ব্যতীত অন্য মাপের ফরম গ্রহণ করা হবে না।

(খ) ডাউন-লোডকৃত প্রাথমিক আবেদন ফরমটি জমাদানের সময় এস.এস.সি, এইচ.এস.সি'র ট্রান্সক্রিপ্ট এবং রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে এবং নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে, **নিজের ব্যবহৃত মোবাইল নম্বর অবশ্যই দিতে হবে এবং কলেজের online admission system এ একই মোবাইল নম্বর ব্যবহার করতে হবে।** ছাত্রের ক্ষেত্রে M এবং ছাত্রীর ক্ষেত্রে F অবশ্যই পূরণ করতে হবে।

(গ) আবেদনকারীর ছবি ও স্বাক্ষর এ কোনরূপ অসংগতি পরিলক্ষিত হলে আবেদন ফরমটি বাতিল করা হবে।

(ঘ) কোন ভুল ডাটা এন্ট্রির কারণে আবেদনপত্র বা ভর্তি বাতিল হলে, কলেজ কর্তৃপক্ষ কোন দায়-দায়িত্ব বহন করবে না।

(ঙ) **আবেদনকারী প্রার্থীকে কম্পিউটারের ডাটা এন্ট্রির পূর্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.nu.edu.bd) ভর্তির যাবতীয় তথ্য ও শর্তাবলি ভালভাবে জেনে নিতে হবে।**

(চ) ফরম পূরণের সময় নিম্নোক্ত কোড নির্ধারিত স্থানে বসাতে হবে :- **কলেজ কোড-৩৪০১**

(ছ) অত্র কলেজের অনার্স বিষয় ও কোডসমূহ নিম্নে প্রদান করা হ'ল।

ক্রমিক	বিষয়	কোড	ক্রমিক	বিষয়	কোড
১	বাংলা	১০০১	৯	হিসাববিজ্ঞান	২৫০১
২	ইংরেজি	১১০১	১০	ব্যবস্থাপনা	২৬০১
৩	অর্থনীতি	২২০১	১১	পদার্থবিজ্ঞান	২৭০১
৪	দর্শন	১৭০১	১২	রসায়ন	২৮০১
৫	সমাজবিজ্ঞান	২০০১	১৩	গণিত	৩৭০১
৬	ইতিহাস	১৫০১	১৪	উদ্ভিদবিদ্যা	৩০০১
৭	ইসলামের ইতিহাস	১৬০১	১৫	প্রাণিবিদ্যা	৩১০১
৮	রাষ্ট্রবিজ্ঞান	১৯০১	-	-	-

(৫) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য (Word) কোটায় ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।

(৬) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০×১৫০ pixels, Image Type:jpg এবং maximum file size: 50Kb. আবেদনের ছবিটি সংরক্ষণ করতে হবে এবং কলেজের online admission system এ একই ছবি ব্যবহার করতে হবে।

(৭) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট নিতে হবে।

(৮) আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোন প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Applicant's Login (Honours) অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the Security Key অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। তবে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরমটি নিশ্চয়ন করা পর তা আর বাতিল করা যাবে না। প্রার্থী ছবি পরিবর্তনের সুযোগ একবারই পাবে।

(৯) আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সঙ্গে প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে ফেরত দেয়া হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম online এ নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে।

(১০) <u>ফলাফল, (ভর্তি পদ্ধতি ও নম্বর বণ্টন):</u>

(ক) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের কোনো ভর্তি পরীক্ষা দিতে হবে না।

(খ) প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরি করে প্রার্থীদের পছন্দক্রমের উর্ধ্বক্রম অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির বিষয় বরাদ্দ দেয়া হবে।

(গ) একই প্রতিষ্ঠান/কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর প্রাপ্ত ফলাফল একই হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর পর্যায়ক্রমে i) ৪র্থ বিষয়সহ SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর যথাক্রমে ৪০% ও ৬০%; ii) প্রয়োজন হলে SSC ও HSC পরীক্ষার মোট প্রাপ্ত নম্বরের যথাক্রমে ৪০% ও ৬০%; iii) এর পরেও যদি দুই বা ততোধিক আবেদনকারীর প্রাপ্ত ফলাফল একই হয়, তা হলে তাদের বয়সের নিম্নক্রম অনুসারে মেধাক্রম নির্ধারণ করা হবে।

(ঘ) ভর্তির ফলাফল পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, কোটা এবং রিলিজ স্লিপের (প্রয়োজনে একাধিক বার) মাধ্যমে প্রকাশ করা হবে।

(ঙ) সংশ্লিষ্ট কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে ভর্তির বিষয়ওয়ারী ফলাফল দেখতে পারবে। শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) এবং SMS (nu<space>athn<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে। এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে। বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সতর্কতার সঙ্গে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে।

(চ) **ক্লাস শুরু : ১৫ নভেম্বর ২০১৬।**

ভর্তি সংক্রান্ত কলেজের তথ্য www.dgc.edu.bd কলেজ ওয়েব সাইটে পাওয়া যাবে।

বি:দ্র: এই ভর্তি কার্যক্রমের যে কোনো নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার কলেজ কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

প্রতি স্বাক্ষর

১০/০৯/২০১৬

অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ
দিনাজপুর।

১০/৯/২০১৬

আহ্বায়ক
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি ২০১৬-২০১৭
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর।